

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: রপ্তানি কাম আমদানি পারমিটের বিপরীতে ব্যাংক গ্যারান্টি জমা রাখা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের আবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এর ১৪ (১০) অনুচ্ছেদে উপর্যুক্ত বিষয়ে মেশিনারী, ইকুইপমেন্ট বা সিলিন্ডার মেরামত রিফিলিং বা মেইনটেন্যান্স ইত্যাদির জন্য বিদেশে পণ্য প্রেরণের ক্ষেত্রে পণ্যের সমমূল্যের ব্যাংক গ্যারান্টি আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট দাখিল করে রপ্তানি কাম আমদানি পারমিট প্রদান করতে হবে। এ বিষয়ে রপ্তানি নীতি ২০১৮-২০২১ এর ৩.৬ (১) অনুচ্ছেদে সমমূল্যের ব্যাংক গ্যারান্টি শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে মর্মে উল্লেখ রয়েছে। উল্লেখিত বিষয়ে করণীয় সম্পর্কে বাণিজ্য মন্ত্রণালয়ের দিকনির্দেশনা চাওয়া হলে মন্ত্রণালয় হতে স্মারক নং ২৬.০০.০০০০.১১১.২২.০০৪.২০.১৫৬ তারিখ: ১৪ মার্চ ২০২২ ইং এর মাধ্যমে রপ্তানি নীতি অনুসরণ করার নির্দেশনা দিয়েছে।

২। বর্নিত অবস্থায় এ দপ্তর হতে রপ্তানি-কাম-আমদানি গ্রহণের জন্য সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষ বরাবর প্রস্তুতকৃত ব্যাংক গ্যারান্টির কপি সহ আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।



১৩-৪-২০২২

মাসুদুল মান্নান

নিয়ন্ত্রক

ফোন: 02-9551556

ফ্যাক্স: 02-9550217

ইমেইল:

controller.chief@ccie.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, বাণিজ্য মন্ত্রণালয়, অবা-১ শাখা।
- ২) কমিশনার, কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউজ, ঢাকা/ চট্টগ্রাম/বেনাপোল।
- ৩) ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।